

### উত্তরপত্র - লেকচার -১ (২৩.৬.২০)

ক). নিচের প্রশ্নগুলোর একবাক্যে উত্তর লিখ।

১. আমাদের দেশের মানুষের জন্য কোন ভাষা সহজ হবে?

**উত্তর:** আমাদের দেশের মানুষের জন্য বাংলা ভাষা সহজ হবে।

২. দেশের মানুষকে কোন ভাষা সহ্য করে থাকতে হচ্ছে?

**উত্তর:** দেশের মানুষকে বিজাতীয় নানা রকম ভাষা সহ্য করে থাকতে হচ্ছে।

৩. কারা দেশের সব মানুষের বেদন বুঝে?

**উত্তর:** জ্ঞানী, গুণী, মনীষীরা দেশের সব মানুষের বেদন বুঝে।

৪. ভাষার জন্য কারা প্রাণ দিয়েছিল?

**উত্তর:** ভাষার জন্য রফিক, সালাম বরকত সহ অনেক মায়ের নাম না জানা অনেক সন্তান প্রাণ দিয়েছিল।

৫. কোন পথে মুক্তির কথা বলা হয়েছে?

**উত্তর:** রক্ত পিছল পথের মুক্তির কথা বলা হয়েছে।

৬. ছাত্র-ছাত্রীরা কেন মিছিল করেছিল?

**উত্তর:** ছাত্র-ছাত্রীরা মাতৃভাষা বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে মিছিল করেছিল।

৭. ছাত্র-ছাত্রীর ওপর কে গুলি চালায়?

**উত্তর:** ছাত্র-ছাত্রীর ওপর পুলিশ গুলি চালায়।

৮. মাতৃভাষাতে কী প্রকাশ করা যায়?

**উত্তর:** মাতৃভাষাতে মনের অনুভূতি এবং ভালোবাসা প্রকাশ করা যায়।

৯. কতসালে বেগম সুফিয়া কামাল জন্মগ্রহণ করেন?

**উত্তর:** ২০শে জুন ১৯১১খ্রিষ্টাব্দে বেগম সুফিয়া কামাল জন্মগ্রহণ করেন।

১০. বেগম সুফিয়া কামাল কোন জেলায় জন্মগ্রহণ করেন?

**উত্তর:** বেগম সুফিয়া কামাল বরিশালজেলায় জন্মগ্রহণ করেন।

১১. সুফিয়া কামাল কী ছিলেন?

**উত্তর:** সুফিয়া কামাল কবি ও সমাজসেবী ছিলেন।

১২. তাঁর বিখাত কাব্যগ্রন্থগুলোর নাম লিখ?

**উত্তর:** তাঁর বিখাত কাব্যগ্রন্থগুলোর নাম হলো 'সাঁঝের মায়', 'মায়াকানন', 'ইতল বিতল', 'স্বনির্বাচিত কবিতা সংকলন' ইত্যাদি উল্লেখযোগ্য।

**Class:** চতুর্থ  
**Subject:** বাংলা ১ম

**Prepared by:** আফরোজা তাসনিম (নিপা)  
**Topic:** মোদের বাংলা ভাষা

১৩. কতসালে সুফিয়া কামাল মৃত্যুবরণ করেন?

**উত্তর:** সুফিয়া কামাল ২০ শে নভেম্বর ১৯৯৯ খ্রিস্টাব্দে মৃত্যুবরণ করেন।

১৪. মোদের বাংলা ভাষা কবিতাটি কোন ভাষা সম্পর্কে লিখা হয়েছে?

**উত্তর:** মোদের বাংলা ভাষা কবিতাটি বাংলা ভাষা সম্পর্কে লিখা হয়েছে।

১৫. ছাত্র-ছাত্রীর সাথে পুলিশ কী করেছিল?

**উত্তর:** ছাত্র-ছাত্রীদের মিছিলে পুলিশ গুলি চালিয়েছিল।

খ) শব্দার্থ লিখ।

প্রদত্ত শব্দ	শব্দার্থ
কামার	যারা লোহা দিয়ে জিনিসপত্র তৈরি করেন
কুমার	যারা মাটি দিয়ে হাঁড়ি, সরা ইত্যাদি তৈরি করেন
সহ্য করা	সওয়া
জ্ঞানী	যাঁর অনেক জ্ঞান
মনীষী	শিক্ষিত জ্ঞানীগুণী বিখ্যাত মানুষ
রক্ত-পিছল	রক্তে যা পিছল হয়েছে
মুক্তি	স্বাধীনতা
বিজাতীয়	অন্য জাতির
বেদন	বেদনা/দুঃখ
মিটাক	মিটিয়ে দিক

গ) কবির নামসহ ‘মোদের বাংলা ভাষা’ কবিতাটির ১ম আট লাইন লিখ।

**উত্তরপত্র /লেকচার -২ (২৭.৬.২০)**

ক) এক বাক্যে উত্তর লিখ।

১. বাংলায় কথা বলার সময় কোন ভাষা ব্যবহার করতে নিষেধ করা হয়েছে?

**উত্তর:** বাংলায় কথা বলার সময় বিদেশি কোন ভাষা ব্যবহার করতে নিষেধ করা হয়েছে। যেমন: ইংরেজী, উর্দু ইত্যাদি।

২. রাষ্ট্রভাষা বাংলার জন্য কতসালে ছাত্র-ছাত্রীরা মিছিল করেছিল?

**উত্তর:** রাষ্ট্রভাষা বাংলার জন্য ১৯৫২সালে ছাত্র-ছাত্রীরা মিছিল করেছিল।

৩. কিসের দাবিতে ছাত্র-ছাত্রীরা আন্দোলন করেছিল?

**উত্তর:** বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করার দাবিতে ছাত্র-ছাত্রীরা আন্দোলন করেছিল।

৪. কবিতাংশে মোদের বলতে কাদের বোঝানো হয়েছে?

**উত্তর:** কবিতাংশে মোদের বলতে বাঙালি সাধারণ মানুষের কথা বোঝানো হয়েছে।

**Class:** চতুর্থ শ্রেণি  
**Subject:** বাংলা ১ম

**Prepared by:** আফরোজা তাসনিম (নিপা)  
**Topic:** মোদের বাংলা ভাষা

৫. কামাররা কী করে?

**উত্তর:** কামাররা লোহা দিয়ে নানা রকম জিনিস তৈরি করে। যেমন: কুড়াল, দা, বটি ইত্যাদি।

৬. চাষা কাদের বলে?

**উত্তর:** যারা কৃষিকাজ করেন অর্থাৎ জমি চাষ করে তাদের চাষা বলা হয়।

৭. জ্ঞানী কাকে বলে?

**উত্তর:** যাঁর অনেক জ্ঞান তাঁকে জ্ঞানী বলা হয়।

৮. সাঁঝের মায়া কোন ধরনের রচনা?

**উত্তর:** সাঁঝের মায়া হলো এক ধরনের কাব্যগ্রন্থ।

খ) সংক্ষিপ্ত প্রশ্নোত্তর লিখ।

১. কীভাবে আমরা বাংলা ভাষা পেয়েছি?

**উত্তর:** বাংলা ভাষা আমরা আমাদের পূর্ব পুরুষদের কাছ থেকে পেয়েছি। তবে এ ভাষায় স্বাধীনভাবে কথা বলা এবং অফিস আদালতে চর্চার সুযোগ পেয়েছি অনেক শহীদের রক্তের বিনিময়ে। ১৯৫২ সালে ভাষা আন্দোলনের ফলে আমরা বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে পেয়েছি। তাই এই বাংলা ভাষার মূল্য আমাদের কাছে অনেক বেশি।

২. কীভাবে আমার বাংলা ভাষা রক্ষা করব?

**উত্তর:** যেহেতু অনেক সংগ্রাম, আন্দোলন এবং অনেক শহীদের রক্তের বিনিময়ে আমরা আমাদের বাংলা ভাষাকে পেয়েছি তাই আমাদের উচিত বাংলা ভাষাকে রক্ষা করা। কালের পরিক্রমায় যেন এর মর্যাদা ক্ষুণ্ণ না হয় সেজন্য আমাদের বাংলা ভাষার শুদ্ধ চর্চা বাড়াতে হবে। বাংলা ভাষার সাথে মিশিয়ে অন্য কোন বিদেশী ভাষা ব্যবহার বর্জন করতে হবে। তবেই বাংলা ভাষা রক্ষা করা সম্ভব।

গ) বড় প্রশ্ন (নিজের মতো বুঝে বানিয়ে লিখ)।

১. মোদের বাংলা ভাষা কবিতার মূলভাব লিখ।

**উত্তর:** আমাদের মাতৃভাষা বাংলা সম্বন্ধে এই কবিতাটি লেখা হয়েছে। আমরা বাংলা ভাষার কথা বলি। আমাদের বাবা-মা, দাদা-দাদি, নানা-নানি, ঠাকুরদা-ঠাকুমা সকলেই বাংলায় কথা বলেন। দেশের সব মানুষই বাংলায় কথা বলেন। রাষ্ট্রভাষা বাংলার দাবিতে ১৯৫২ সালে ছাত্র-ছাত্রীরা মিছিল করেছিল, হরতাল করেছিল। তখন তাঁদের ওপর পুলিশ গুলি চালায়। গুলিতে ছাত্রসহ অনেকেই মারা যান। মাতৃভাষার চেয়ে প্রিয় আর কোন ভাষা হতে পারে না। বাংলাদেশের সব মানুষের ইচ্ছা, আশা ও আকাঙ্ক্ষা মাতৃভাষাতেই ভালোভাবে প্রকাশ করা যায়। তাই বাংলায় কথা বলার সময় বিদেশি ভাষা ব্যবহার না করা ভালো।

২. বাংলা ভাষার সম্মান আমরা কীভাবে রক্ষা করব তা বর্ণনা কর।

**উত্তর:** যেহেতু অনেক সংগ্রাম, আন্দোলন এবং অনেক শহীদের রক্তের বিনিময়ে আমরা আমাদের বাংলা ভাষাকে পেয়েছি তাই আমাদের উচিত বাংলা ভাষার সম্মান রক্ষা করা। কালের পরিক্রমায় যেন এর মর্যাদা ক্ষুণ্ণ না হয় সেজন্য আমাদের বাংলা ভাষার শুদ্ধ চর্চা বাড়াতে পারি। বাংলা ভাষার সাথে মিশিয়ে অন্য কোন বিদেশি ভাষা ব্যবহার বর্জনে নিজে সচেতন থাকার পাশাপাশি কাছের মানুষদেরও সচেতন করে তুলতে হবে।

নতুন প্রজন্ম যাতে বাংলা ভাষা চর্চায় আগ্রহী হয় এজন্য তাদের মাঝে ভাষা আন্দোলনের ইতিহাস পৌঁছে দেয়ায় সবাইকে উদ্যোগী হতে হবে। জানাতে হবে এই করণ ইতিহাস এবং অর্জনের গল্প তবেই বাংলা ভাষার সম্মান রক্ষা করা সম্ভব। কেননা নতুন প্রজন্মই বয়ে নিয়ে যাবে এই ইতিহাস তাদের পরবর্তী প্রজন্মের কাছে এবং চর্চায় উদ্বুদ্ধ করবে প্রিয় বাংলা ভাষার।

৩. ১৯৫২ সালের ভাষা আন্দোলন সম্পর্কে যা জান লিখ।

উত্তর: শিক্ষার্থীরা বানিয়ে লিখবেন। তাদের সুবিধার জন্য নিচে কিছু শব্দ দেয়া হলো-

বাঙালি, বাংলা ভাষা, ভালোবাসা, মনের ভাব, পাকিস্তান, উর্দু ভাষা, ১৯৫২ সাল, ভাষা আন্দোলন, ছাত্র-ছাত্রী, পুলিশ, মিছিল, হরতাল, গুলি, শহিদ, অর্জন, রাষ্ট্রভাষা।

### উত্তরপত্র / লেকচার -৩ (২৮.৬.২০)

ক) নিচের বাক্যগুলো সত্য হলে **সত্য** এবং মিথ্যা হলে **মিথ্যা** লিখে সঠিক বাক্যটি লিখ।

১. মোদের বাংলা ভাষা কবিতাটি লিখেছেন সানাউল হক।
২. কুমার লোহা দিয়ে জিনিসপত্র তৈরি করে। --- **মিথ্যা** --কামার
৩. জেলে জমি চাষ করে। **মিথ্যা**----মাছ ধরে
৪. কামার দা, বাঁটি তৈরি করে। --- **সত্য**
৫. জ্ঞানীর অনেক জ্ঞান আছে। --- **সত্য**
৬. ইংরেজি ভাষায় মানুষের আশা মিটে। --- **মিথ্যা**--বাংলা
৭. বাংলা ভাষাতে মানুষ মনের ভাব প্রকাশ করতে পারে। --- **সত্য**
৮. ১৮৫২ সালে ছাত্র-ছাত্রী রাষ্ট্রভাষা বাংলার দাবিতে হরতাল করেছিল। -- **মিথ্যা**----১৯৫২
৯. পুলিশ অপরাধীদের ওপর গুলি চালায়। ---- **মিথ্যা**---ছাত্রদেও
১০. সাঁঝের মায়া, মায়াকানন, ইতল বিতল সুফিয়া কামাল রচিত উপন্যাস। --- **মিথ্যা**---কাব্যগ্রন্থ
১১. সুফিয়া কামাল ২০ শে নভেম্বর ১৯৯১ খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন। --- **মিথ্যা** ২০ জুন, ১৯১১
১২. তিনি কবি ও সমাজসেবী ছিলেন। **সত্য**
১৩. সুফিয়া কামাল ২০ শে নভেম্বর ১৮৯৯ খ্রিস্টাব্দে মৃত্যুবরণ করেন। --- **মিথ্যা** ---১৯৯৯
১৪. বাংলায় কথা বলার সময় বিদেশি ভাষা ব্যবহার করতে নিষেধ করা হয়েছে। **সত্য**

খ. শব্দদিয়ে বাক্য তৈরি কর:

প্রদত্ত শব্দ	বাক্য রচনা
সহ্য করা	অসহায়ের কান্না সহ্য করা যায়না।
জ্ঞানী	নিজেরা করবেন
রক্ত-পিছল	”
বিজাতীয়	”
বেদন	”
মিটাক	”
সরল	”
চাষা	”
মাতৃভাষা	”

**গ). যুক্তবর্ণ:**

যুক্তবর্ণ	বর্ণ বিভাজন	দুটি শব্দ তৈরি কর	বাক্য তৈরি কর
জ্ঞ	জ+ঞ	জ্ঞান, বিজ্ঞান	নিজেরা তৈরি করবেন
ঞ্জ	ঞ+ জ	ব্যঞ্জন, গুঞ্জন	"
ক্ত	ক+ত	রক্ত, ভক্ত	"
ব্ধ	ন+ধ	বন্ধু, বন্ধ	"
ষ্ট	ষ+ট	বৃষ্টি, মিষ্টি	"
ঙ্ক	ঙ+ক	অঙ্ক, আতঙ্ক	"
ন্ম	ন+ম	জন্ম, প্রজন্ম	"
স্ব	স+ব	স্বর, স্বাধীনতা	"

**ঘ) বড় প্রশ্ন (নিজের মতো বুঝে বানিয়ে লিখ)।**

১. ‘যারা আছেন সামনে আজও  
জ্ঞানী, গুণী মনীষীরা’

আমার দেশের সব মানুষের

এই বেদন বুঝুন তারা’ - বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?

উত্তরঃ আলোচ্য অংশটি কবি সুফিয়া কামালের “মোদের বাংলা ভাষা” কবিতা থেকে নেয়া হয়েছে।

আমাদের মাতৃভাষা বাংলা। আমাদের দেশের সাধারণ মানুষ এই মায়ের ভাষা বাংলাতেই কথা বলতে স্বাচ্ছন্দ বোধ করে। বাংলা ছাড়া অন্য কোন বিদেশী-বিজাতীয় ভাষা দেশের এই সাধারণ মানুষের উপর চাপিয়ে দিলে, তারা সেটি সহ্য করবে না। এ বিষয়টি দেশের গণ্য মান্য ব্যক্তিরা ভালো করেই উপলব্ধি করতে পারেন। তাই সব মানুষের জন্য সহজ-সরল বাংলা ভাষার চর্চার অধিকার চেয়ে আমাদের দেশের জ্ঞানী-গুণী মানুষের প্রতি কবি এই আহ্বান জানিয়েছেন।

২. সহজ সরল বাংলা ভাষা

সব মানুষের মিটাক আশা - বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?

উত্তরঃ আলোচ্য অংশটি কবি সুফিয়া কামালের “মোদের বাংলা ভাষা” কবিতা থেকে নেয়া হয়েছে।

আমাদের মাতৃভাষা বাংলা। আমাদের দেশের সাধারণ মানুষ এই মায়ের ভাষা বাংলাতেই কথা বলতে স্বাচ্ছন্দ বোধ করে। বাংলা ছাড়া অন্য কোন বিদেশী-বিজাতীয় ভাষা দেশের সাধারণ মানুষের পক্ষে বোঝা সহজ নয় বলেই ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারি এদেশের অনেকেই এই ভাষার জন্য প্রাণ দিয়েছেন। এদেশের মানুষের মাতৃভাষা বাংলা, তাই তাদের কাছে বাংলা ভাষাতেই মনের ভাব প্রকাশ করা সহজ মনে হয়। মাতৃভাষার চেয়ে প্রিয় আর কোন ভাষা হতে পারে না। বাংলাদেশের সব মানুষের ইচ্ছা, আশা ও আকাঙ্ক্ষা মাতৃভাষাতেই ভালোভাবে প্রকাশ করা যায়। বাংলার সাধারণ মানুষের বোঝা এবং মনের ভাব প্রকাশ একমাত্র বাংলা ভাষাতেই তাদের কাছে সহজ মনে হয়। আর এই সহজ ভাষাতে তারা কথা বলার স্বাধীনতা পেলে তাদের মনের আশা মিটবে কবি এমনটাই বোঝাতে চেয়েছেন।

**Class:** চতুর্থ শ্রেণি  
**Subject:** বাংলা ১ম

**Prepared by:** আফরোজা তাসনিম (নিপা)  
**Topic:** মোদের বাংলা ভাষা

**ঙ) সঠিক উত্তর:**

আলোচ্য কবিতাংশে মোদের বলতে কাদের বুঝানো হয়েছে?

- ক) পাকিস্তানিদের  
খ) ভারতীয়দের

- গ) বাঙালিদের  
ঘ) কোনটিই না

১. কে দা, বাঁটি ইত্যাদি তৈরি করেন?

- ক) ডাক্তার  
খ) চাষা

- গ) কুমার  
ঘ) কামার

২. কে মাছ ধরে?

- ক) চাষা  
খ) জেলে

- গ) কামার  
ঘ) কুমার

৩. যারা জমি চাষ করে তাদেরকে ----- বলে।

- ক) চাষা  
খ) কুমার

- গ) কামার  
ঘ) জেলে

৪. কারা মাটি দিয়ে জিনিসপত্র তৈরি করে?

- ক) চাষা  
খ) কুমার

- গ) জেলে  
ঘ) কামার

৫. বাংলার ছেলেরা কিসের জন্য প্রাণ দিল?

- ক) ভাষার  
খ) ইতিহাস সৃষ্টি জন্য

- গ) রক্তের জন্য  
ঘ) মুক্তির জন্য

৬. সহ্য করা শব্দের অর্থ কি?

- ক) অমান্য করা  
খ) অবাধ্য হওয়া

- গ) এড়িয়ে চলা  
ঘ) মেনে নেওয়া

৭. ভাষার জন্য কারা প্রাণ দিয়েছে?

- ক) শাসকেরা  
খ) বিদেশিরা

- গ) বাঙালিরা  
ঘ) ইংরেজরা

৮. কাদের রক্তে পথ পিছল হয়েছে?

- ক) সেনাদের  
খ) কোনটিই নয়

- গ) পুলিশের  
ঘ) বাংলার ছেলেদের

৯. যার অনেক জ্ঞান আছে-----

- ক) বুদ্ধিমান  
খ) জ্ঞানশূন্য

- গ) চালাক  
ঘ) জ্ঞানী

১০. কোন ভাষা মানুষের আশা মিটায়?

- ক) আরবি  
খ) ইংরেজি

- গ) বাংলা  
ঘ) হিন্দি

১১. মুক্তি শব্দের অর্থ কি?

- ক) পরাধীনতা  
খ) স্বাধীনতা

- গ) বন্দি  
ঘ) ছাড়া পাওয়া

১২. বিজাতীয় বলতে বুঝায়?

ক) অন্য দেশ

খ) অন্য ধর্ম

গ) অন্য জাতি

ঘ) ভিন্ন ধর্ম

১৩. বাংলার ছেলেরা কিসের জন্ম প্রাণ দিল?

ক) ভাষার

খ) ইতিহাস সৃষ্টির জন্য

গ) রক্তের জন্য

ঘ) মুক্তির জন্য

১৪. ভাষার জন্য কারা প্রাণ দিয়েছে?

ক) শাসকেরা

খ) বিদেশিরা

গ) বাঙালিরা

ঘ) ইংরেজ

১৫. মুক্তি শব্দের অর্থ কি?

ক) পরাধীনতা

খ) স্বাধীনতা

গ) বন্দি

ঘ) ছাড়া পাওয়া

১৬. ছাত্র-ছাত্রীর ওপর কে গুলি চালায়?

ক) অপরাধী

খ) পুলিশ

গ) ডাকাত

ঘ) রাজা

১৭. ছাত্ররা কিভাবে মারা যায়?

ক) দুর্ঘটনায়

খ) মার খেয়ে

গ) আত্মহত্যা করে

ঘ) গুলিতে

১৮. কোন ভাষা আমাদের সবার প্রিয়?

ক) ইংরেজি

খ) আরবি

গ) ফারসি

ঘ) মাতৃভাষা

১৯. সুফিয়া কামাল কত সালে জন্ম গ্রহণ করেন?

ক) ১৯৫২

খ) ১৯৯৯

গ) ১৯১২

ঘ) ১৯১১ সালে

২০. সুফিয়া কামাল কোন জেলায় জন্মগ্রহণ করেন?

ক) ভোলা

খ) বরিশাল

গ) পিরোজপুর

ঘ) পটুয়াখালী

**Class:** চতুর্থ শ্রেণি  
**Subject:** বাংলা ১ম

**Prepared by:** আফরোজা তাসনিম (নিপা)  
**Topic:** মোদের বাংলা ভাষা

**উত্তরপত্র / লেকচার -৪ (৩০.৬.২০)**

ক) এক কথায় প্রকাশ লিখ।

প্রদত্ত বাক্য	এককথায় প্রকাশ
যারা মাটি দিয়ে জিনিসপ্রত্ন তৈরি করে	কুমার
যাঁর অনেক জ্ঞান	জ্ঞানী
শিক্ষিত জ্ঞানী, গুণী বিখ্যাত মানুষ	মনীষী
খোলা মেলা অবস্থা	মুক্ত
মাছ ধরে যারা	জেলে
জমিতে কাজ করে যারা	চাষা

খ) বিপরীত শব্দ লিখ।

মূলশব্দ	বিপরীত শব্দ
সরল	জটিল
বিজাতীয়	স্বজাতীয়
আজ	কাল
সহজ	কঠিন
সহ্য	অসহ্য
বিদেশ	দেশ
সামনে	পিছনে
মুক্তি	বন্দি

গ) সমার্থক শব্দ লিখ।

প্রদত্ত শব্দ	সমার্থক শব্দ
সরল	সহজ, সাধারণ
ছেলে	পুত্র, তনয়
মুক্তি	খোলা, স্বাধীন

ঘ) নিচের শব্দের এলোমেলো বর্ণ গুছিয়ে বানান শুদ্ধ কর।

অশুদ্ধ বানান	শুদ্ধ বানান	অশুদ্ধ বানান	শুদ্ধ বানান
য়াসুফি	সুফিয়া	নীজ্জা	”
লরস	শিক্ষার্থীরা নিজে করবেন	হীমসী	”
কুরমা	”	নদবে	”
দেবিশ	”	নবুঝু	”
জাবিয়তী	”	নপ্রা	”
লনংসক	”	ষ্টাদেত্রি	”



ঙ) বামদিকের বাক্যাংশের সঙ্গে ডানদিকের বাক্যাংশ মিলিয়ে সঠিক বাক্য তৈরি কর।

বামদিক	ডানদিক
ক) রাষ্ট্রভাষা বাংলার দাবিতে	১. সাঁঝের মায়া, মায়াকানন, ইতল বিতল।
খ) তাদের রক্ত-পিছল পথে	২. কবি ও সমাজসেবী ছিলেন।
গ) বাংলায় কথা বলার সময়	৩. রক্ত দিয়ে পিছল হয়েছে যে পথ।
ঘ) রক্ত-পিছল পথ	৪. ১৯৫২ সালে ছাত্র-ছাত্রীরা আন্দোলন করেছিল।
ঙ) সুফিয়া কামাল	৫. এবার যেন মুক্তি মেলে।
চ) সুফিয়া কামালের কাব্যগ্রন্থ গুলো হল	৬. বিদেশি ভাষা ব্যবহার করতে মানা করা হচ্ছে।

উত্তরঃ (ক+৪), (খ+৫), (গ+৬), (ঘ+৩), (ঙ+১)

চ) শূন্যস্থান পূরণ কর।

১. রক্ত দিয়ে পিছল হয়েছে যে পথ..... রক্ত-পিছল.....।
২. বিদেশ হতে .....বিজাতীয়..... নানা কথার .....ছড়াছড়ি.....।
৩. যাঁর অনেক জ্ঞান আছে তিনি হলেন.....জ্ঞানী.....।
৪. রাষ্ট্রভাষা বাংলার দাবিতে .....১৯৫২..... সালে ছাত্র-ছাত্রীরা মিছিল করেছিল।
৫. যারা আছেন সামনে আজও গুণী, জ্ঞানী.....মনীষীরা.....।
৬. পুলিশের গুলিতে ছাত্র সহ .....অনেকেই..... মারা যায়।
৭. সুফিয়া কামালের জন্ম তারিখ.....২০ জুন, ১৯১১.....।
৮. সাঁঝের মায়া তাঁর উল্লেখযোগ্য.....কাব্যগ্রন্থ.....।
৯. সুফিয়া কামাল ২০ শে জুন .....১৯১১..... খ্রিষ্টাব্দে .....বরিশাল..... জেলায় জন্মগ্রহণ করেন।
১০. ....১৯৯৯..... খ্রিষ্টাব্দে তিনি মৃত্যুবরণ করেন।
১১. আমরা বাংলা ভাষায়.....কথা..... বলি।
১২. ....কামার..... দা, বাঁটি, ছুরি ইত্যাদি তৈরি করেন।
১৩. ....জেলে..... মাছ ধরে।
১৪. যারা জমি চাষ করে তাদেরকে .....চাষা..... বলে।
১৫. ....কুমার..... মাটি দিয়ে জিনিসপত্র তৈরি করে।
১৬. ....ভাষার..... দাবিতে ছাত্র-ছাত্রীরা আন্দোলন করেছিল।



